

# গোল্ডেন সন লিমিটেড

রেজিষ্টার্ড অফিস: রুম নং ৮০৮ পল্টন টাওয়ার,  
৮৭, পুরানা পল্টন লেন, ঢাকা- ১০০০।



গোল্ডেন সন লি: এর শেয়ারের আবেদনকারীগণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, আজ ১৪ই ডিসেম্বর ২০০৯ইং তারিখ থেকে লটারীতে অকৃতকার্য আবেদনকারীগণের মধ্যে যাদের ব্যাংকে দেশ ওয়ারি অনলাইন ব্যাংকিং নাই তাদের রিফান্ড ওয়ারেন্ট ফেরৎ দেওয়ার ব্যবস্থা করা হইয়াছিল।

এই প্রেক্ষিতে প্রচারিত সিডিউল অনুযায়ী আজ কোম্পানীর প্রতিনিধি বিভিন্ন কাউন্টারে পৌছে যান। কিন্তু অতিব দুঃখের বিষয় মাহবুব আলি ইন্সটিটিউট, শাহজাহানপুর, ঢাকা কেন্দ্র থেকে আমাদের লোকজন রিফান্ড ওয়ারেন্ট বিতরণ শুরু করার সাথে সাথে কিছু উচ্ছৃঙ্খল লোক আমাদের লোকজনের উপর চড়াও হয় এবং বিশৃঙ্খলা সৃষ্টি করে এবং তাদের কাছ থেকে হাজার হাজার রিফান্ড ওয়ারেন্ট ছিনিয়ে নিয়ে যায় ফলে আমরা কাউন্টার বন্ধ করিয়া দিতে বাধ্য হই এবং এই ব্যাপারে মতিঝিল থানায় সাধারণ ডাইরী করা হইয়াছে।

এই ঘটনার বিস্তারিত জানাইয়া সিকিউরিটিজ এন্ড একচেঞ্জ কমিশনের (এসইসি) নির্দেশ চাওয়া হয়। কমিশনের মৌখিক নির্দেশনা অনুযায়ী এই ব্যাপারে নিম্নে উল্লেখিত পদক্ষেপ নেওয়া হইবে।

- ১। অকৃতকার্য আবেদনকারীগণের মধ্যে যাদের অনলাইন ব্যাংক হিসাব রয়েছে তাদের দরখাস্ত যাচাই বাছাইয়ের পর তাদের প্রধান কার্যালয়ের মাধ্যমে সিকিউরিটিজ এন্ড একচেঞ্জ কমিশন নিধারিত সময়সীমার মধ্যে তাদের ফরমে দেওয়া ব্যাংক হিসাবে জমা করা হইবে।
- ২। যাদের ব্যাংকে অনলাইন সিস্টেম নাই তাদের রিফান্ড ওয়ারেন্ট গুলো সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়ে প্রেরণ করা হইবে সিকিউরিটিজ এন্ড একচেঞ্জ কমিশন নিধারিত সময়সীমার মধ্যে এবং প্রধান কার্যালয় শাখার মাধ্যমে তাদের গ্রাহকদের হিসাব জমা করার ব্যবস্থা গ্রহণ করিবে।
- ৩। আজ ১৪ই ডিসেম্বর ২০০৯ইং তারিখে বিতরণযোগ্য সকল রিফান্ড ওয়ারেন্ট গুলো বাতিল করা হইল। এগুলো পুন মূদ্রন করে ব্যাংক সমূহের প্রধান কার্যালয়ের মাধ্যমে সিকিউরিটিজ এন্ড একচেঞ্জ কমিশন নিধারিত সময়সীমার মধ্যে বিতরণের ব্যবস্থা নেওয়া হইবে।

এইরূপ অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি সৃষ্টি হওয়ার জন্য কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সকলের নিকট দুঃখ প্রকাশ করিতেছে।

বোর্ডঅব ডাইরেক্টর এর অনুমতিক্রমে

তারিখ : ১৪ই ডিসেম্বর, ২০০৯ই

কোম্পানী সেক্রেটারী